

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৪৭

১৪/ ক্রয় বিক্রয় কৃত বিবেচনা (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরাগায়নের পর খেজুরগাছ বিক্রি করা এবং সম্পদাধিকারী দাস বিক্রি করা।

بَابٌ مَا جَاءَ فِي ابْتِيَاعِ النَّخْلِ بَعْدَ التَّأْبِيرِ وَالْعَبْدِ وَلَهُ مَالٌ

আরবী

حَدَّثَنَا قَتِيْبَةُ، حَدَّثَنَا الْيَثْرَى، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ "مَنِ ابْتَاعَ نَخْلًا بَعْدَ أَنْ تُؤْيِرَ فَثَمَرُهَا لِلَّذِي بَاعَهَا إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعَ" . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ . وَحَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثُ حَسَنٍ صَحِيحٌ . هَكَذَا رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ "مَنِ ابْتَاعَ نَخْلًا بَعْدَ أَنْ تُؤْيِرَ فَثَمَرُهَا لِلْبَائِعِ إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعَ وَمَنِ بَاعَ عَبْدًا وَلَهُ مَالٌ فَمَالُهُ لِلْبَائِعِ إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعَ" . وَقَدْ رُوِيَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "مَنِ ابْتَاعَ نَخْلًا قَدْ أَبْرَأَتْ فَثَمَرُهَا لِلْبَائِعِ إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعَ" . وَقَدْ رُوِيَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّهُ قَالَ مَنْ بَاعَ عَبْدًا وَلَهُ مَالٌ فَمَالُهُ لِلْبَائِعِ إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعَ . هَكَذَا رَوَى عَبْيُودُ اللَّهِ بْنُ عُمَرَ وَغَيْرُهُ عَنْ نَافِعِ الْحَدِيثَيْنِ . وَقَدْ رَوَى بَعْضُهُمْ هَذَا الْحَدِيثَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْضًا . وَرَوَى عِكْرِمَةُ بْنُ خَالِدٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَ حَدِيثِ سَالِمٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ حَدِيثُ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَصَحُّ مَا جَاءَ فِي هَذَا الْبَابِ .

বাংলা

১২৪৭. কুতায়বা (রহঃ) সালিম তার পিতা ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, পরগায়নের পর যদি কেউ খেজুর গাছ বিক্রি করে তবে ক্রেতা নিজের জন্য শর্ত না করলে এর ফল হবে বিক্রেতার। এমনিভাবে কেউ যদি সম্পাদিকারী দাস বিক্রি করে তার ক্রেতা শর্ত না করলে এই দাসের সম্পদ হবে বিক্রেতার। - ইবনু মাজাহ ২২১০, ২২১২, নাসাই, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৪৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। যুহরী-সালিম- ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এই হাদীসটি একাধিকভাবে বর্ণিত আছে যে, পরাগায়নের পর কেউ যদি খেজুর গাছ ক্রয় করে তবে ক্রেতা নিজের জন্য শর্ত না করলে এর ফল হবে বিক্রেতার। এমনিভাবে কেউ যদি এমন দাস বিক্রি করে যার কিছু সম্পদ আছে তবে ক্রেতা শর্ত না করলে এই সম্পদ হবে বিক্রেতার। নাফি- ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এটি (কিছু শান্তিক তারতম্যসহ) বর্ণিত আছে।

এতে আছেঁ- نَافِيٌ - ইবনু উমার-উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত আছে যে, তিনি বলেছেন, কেউ যদি এমন দাস বিক্রি করে যার কিছু সম্পদ রয়েছে। নাফি'-এর বরাতে উবায়দুল্লাহ ইবনু উমার প্রমুখ উক্ত দুটি হাদীস বর্ণনা করেছেন, কেউ কেউ এই হাদীসটি নাফি'- ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সালিমের হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন। কতক আলিমের এই হাদীস অনুসারে আমল রয়েছে। এ হলো শাফিউদ্দীন, আহমাদ ও ইসহাক (রহঃ) - এরও অভিমত। মুহাম্মাদ ইবনু ইসমাইল বুখারী (রহঃ) বলেন, যুহরী- সালিম- তাঁর পিতা ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সূত্রটি অধিকতর সাহীহ।

English

Narrated Salim:

From his father that the Messenger of Allah (ﷺ) said: 'Whoever purchases a date-palm after it has been pollinated then its fruits are for the one who sold it, unless the buyer made it a condition. And whoever purchases slave who has property, then his property is for the one who sold him, unless the buyer made it a condition."

[He said:] There is something on this topic from Jabir. The Hadith of Ibn 'Umar is a Hasan Sahih Hadith. Similarly, it has been reported by more than one route from Az-Zuhri, from Salim, from Ibn 'Umar, that the Prophet (ﷺ) "Whoever purchases a date-palm after it has been pollinated, then its fruits are for seller, unless the buyer made it a condition. And whoever purchases a slave who has property, then his property is for the seller, unless the buyer made it a condition." And it has been reported from Nafi', from Ibn 'Umar,

that the Prophet (ﷺ) said: "Whoever purchases a date-palm that has been pollinated, then its fruits are for the seller, unless the buyer made it a condition."

It has been reported from Nafi', from Ibn 'Umar, from 'Umar, that he (ﷺ) said: "Whoever sold a slave who has property, his property is for the seller, unless the buyer made it a condition." This is how the two Ahadith were reported by 'Ubaidullah bin 'Umar and others from Nafi'.

Some of them have also reported this Hadith from Nafi', from Ibn 'Umar, from the Prophet (ﷺ).

'Ikrimah bin Khalid reported similar to the Hadith of Salim, from Ibn 'Umar, from the Prophet (ﷺ).

This Hadith is acted upon according to some of the people of knowledge. It is the view of Ash-Shafi'i, Ahmad, and Ishaq.

Muhammad bin Isma'il said: "The Hadith of Az-Zuhri from Salim, from his father, from the Prophet (ﷺ) is the most correct [of what has been reported on this topic]."

ହାଦିସର ମାନ: ସହିହ (Sahih) ପୁଣଃନିରୀକ୍ଷିତ

ପାବଲିଶାର: ଇସଲାମିକ ଫାଉଡେଶନ ବର୍ଣନାକାରୀ: ସାଲିମ ଇବନୁ 'ଆବଦୁଲ୍ଲାହ (ରହ:)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18439>

₹ ହାଦିସବିଭିନ୍ନ ପ୍ରଜେଷ୍ଠ ଅନୁଦାନ ଦିନ